



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর- ১৭০৪

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ভর্তি ও রেজিস্ট্রেশন সংশ্লিষ্ট সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি

স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের ভর্তি ও রেজিস্ট্রেশন সংশ্লিষ্ট বিভিন্ন কাজে শিক্ষার্থীগণকে নিম্নবর্ণিত কাগজপত্রসহ আবেদন করতে হবে।

➤ **মাইগ্রেশন সনদ প্রদান:** জাতীয় বিশ্ববিদ্যালয়ের কোন পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর পরবর্তী উচ্চতর শিক্ষার জন্য অন্য কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে চাইলে শিক্ষার্থীর আবেদনের প্রেক্ষিতে মাইগ্রেশন সনদ ইস্যু করা হয়। মাইগ্রেশন সনদের আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা নেয়া হয় :

- ১ সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক সুপারিশকৃত আবেদনপত্র (মাইগ্রেশন সনদের প্রয়োজনীয়তা এবং এই বিশ্ববিদ্যালয়ে অন্য কোন কোর্সে ভর্তি নাই মর্মে- অংগীকার উল্লেখ করতে হবে) ;
- ২ নির্ধারিত ফি (৫০০/-টাকা) প্রদানের রশিদ;
- ৩ সর্বশেষ পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ;
- ৪ সর্বশেষ পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, নম্বরপত্র ও সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
- ৫ যে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য মনোনীত হয়েছেন/ভর্তি হয়েছেন, তার প্রামাণ্য কাগজপত্র।

➤ **দ্বি-নকল রেজিস্ট্রেশন কার্ড:** কোনো শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড হারিয়ে গেলে, পুড়ে গেলে বা নষ্ট হয়ে গেলে দ্বি-নকল রেজিস্ট্রেশন কার্ডের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রসহ আবেদন করা যাবে:

- ১ সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক সুপারিশকৃত আবেদনপত্র ;
- ২ নির্ধারিত ফি (৫০০/-টাকা) প্রদানের রশিদ;
- ৩ রেজিস্ট্রেশন নম্বর ও শিক্ষাবর্ষসহ প্রয়োজনীয় তথ্য উল্লেখপূর্বক নিকটস্থ থানায় করা জিডির মূল কপি ;
- ৪ জিডি নম্বরসহ প্রয়োজনীয় তথ্য উল্লেখপূর্বক জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হারানো বিজ্ঞপ্তির মূল কপি;
- ৫ কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি;
- ৬ শিক্ষার্থীর এবং তার পিতা - মাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি;
- ৭ রেজিস্ট্রেশন কার্ড, পরীক্ষার প্রবেশপত্র, নম্বরপত্র, সনদের সত্যায়িত ফটোকপি(যদি থাকে)।

➤ **রেজিস্ট্রেশন কার্ড সংশোধন (নিজ/পিতা/মাতার নাম):** বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত রেজিস্ট্রেশন কার্ডে নামের ভুল থাকলে তা সংশোধনের জন্য আবেদন করা যাবে। এই সংশোধন এসএসসি সনদ মোতাবেক করা হয়। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা নেয়া হয়:

- ১ সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক সুপারিশকৃত আবেদনপত্র;
- ২ নির্ধারিত ফি (৫০০/-টাকা) প্রদানের রশিদ;
- ৩ এসএসসি, এইচএসসি, স্নাতক, প্রিলিমিনারী(প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা পাসের সনদ;
- ৪ স্নাতক পর্যায়ের এবং প্রিলিমিনারী(প্রযোজ্যক্ষেত্রে)কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;
- ৫ নামের কোন সংযোজন/বিয়োজন করতে হলে অন্যান্য শর্তপূরণ ছাড়াও মূল এফিডেভিট;
- ৬ শিক্ষার্থীর এবং তার পিতা - মাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি;
- ৭ সংশোধনের জন্য মূল রেজিস্ট্রেশন কার্ড।

➤ **রেজিস্ট্রেশন কার্ড সংশোধন (পত্র কোড):** বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত রেজিস্ট্রেশন কার্ডে পত্র কোড সংশোধনের (প্রয়োজন হলে) জন্য আবেদন পরীক্ষার ফরমপূরণের পূর্বেই করতে হবে। পরীক্ষার ফরমপূরণের পরে এ ধরনের আবেদন গ্রহণযোগ্য নয়।

- ১ সংশ্লিষ্ট কলেজের বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষ কর্তৃক সুপারিশসহ আবেদনপত্র;
- ২ নির্ধারিত ফি (৬০০/-টাকা) প্রদানের রশিদ;
- ৩ সংশোধনের জন্য মূল রেজিস্ট্রেশন কার্ড।

➤ **ভর্তি বাতিল:** ভর্তি বাতিলের আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা নেয়া হয়।

- ১ সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক সুপারিশকৃত শিক্ষার্থীর স্বহস্তে লিখিত আবেদনপত্র;
- ২ নির্ধারিত ফি (৭০০/-টাকা) প্রদানের রশিদ;
- ৩ পূরণকৃত ভর্তি ফরমের কপি;
- ৪ মূল রেজিস্ট্রেশন কার্ড (রেজিস্ট্রেশন হয়ে থাকলে);
- ৫ প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি (ফরম পূরণ করে থাকলে)।

উল্লিখিত সকল আবেদনে সুপারিশ করার ক্ষেত্রে আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র সতর্কতার সাথে যাচাই করে সত্যায়িত করার জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়